

২০২০

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

বিভাগ - ক

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) কালিদাস রচিত কাব্যগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি কাব্য অবলম্বনে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ২৫
- (খ) “বাস্তববাদী দৃষ্টিভঙ্গিই মুচ্ছকটিকের স্বাতন্ত্র্যের ভিত্তি— যা তাকে আধুনিক মনের কাছাকাছি নিয়ে এসেছে।” — নাট্যকার শূদ্রকের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে উদ্ধৃত উক্তিটির যথার্থ্য নিরূপণ করো। ৫+২০
- (গ) দুটি উল্লেখযোগ্য নাটক অবলম্বনে সংস্কৃত নাট্যসাহিত্যে ভবভূতির স্থান নির্দেশ করো। ২৫
- (ঘ) তিনটি ট্র্যাজেডি অবলম্বনে ট্র্যাজেডি রচনায় শেকস্পীয়রের উৎকর্ষ আলোচনা করো। ২৫
- (ঙ) উপন্যাস রচনায় স্কট-এর কৃতিত্ব দুটি উপন্যাস অবলম্বনে বিচার করো। ২৫
- (চ) দুটি নাটক অবলম্বনে জর্জ বার্নার্ড শ-র অসাধারণ নাট্যপ্রতিভার পরিচয় দাও। ২৫
- (ছ) উপন্যাস শিল্পী হিসাবে প্রেমচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও। ২৫
- (জ) নাট্যকার হিসাবে ভারতেন্দু হরিশ্চন্দ্রের অবদান আলোচনা করো। ২৫
- (ঝ) হিন্দী কবিতার ইতিহাসে মহাদেবী বর্মার স্থান নিরূপণ করো। ২৫

বিভাগ - খ

২। যে-কোনো তিনটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১০×৩

অভিজ্ঞানশকুন্তলম্, বিক্রমোর্বশীয়ম্, কাদম্বরী, হর্ষচরিত, গীতগোবিন্দম্, দ্য কমেডি অব এররস্, প্যারাডাইস রিগেইন্ড, ওড্ টু এ নাইটিঙ্গেল, ডেভিড্ কপারফিল্ড, দ্য ওয়েস্টল্যান্ড।

Please Turn Over

বিভাগ - গ

৩। (ক) “কাব্যনির্মাণ কৌশলের তিন ভাগ; বিভাব, অনুভাব ও সঞ্চারী।” — আলোচনা করো। ২০

অথবা,

(খ) সংক্ষিপ্ত আলোচনা করো (যে-কোনো দুটি)। ১০+১০

(অ) কাব্যং গ্রাহ্যমলংকারাং

(আ) কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্যপাঠকের মন

(ই) রসের ব্যঞ্জনাই বাক্যকে কাব্য করে

অথবা,

(গ) “জগতের উপর মনের কারখানা বসিয়াছে এবং মনের উপর বিশ্বমনের কারখানা — সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।” — মন্তব্যটি রবীন্দ্রনাথের ‘সাহিত্যের বিচারক’ প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো। ২০

অথবা,

(ঘ) যে-কোনো দুটি উদ্ধৃতি সংক্ষেপে আলোচনা করো। ১০+১০

(অ) সাহিত্যের বিষয় মানব হৃদয় ও মানব চরিত্র।

(আ) অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ।

(ই) শুধু চোখের দৃষ্টি নহে, তাহার পিছনে মনের দৃষ্টি যোগ না করিলে সৌন্দর্যকে বড় করিয়া দেখা যায় না।